



গাজায় ফের সামরিক অভিযানের পরিকল্পনা ইসরায়েলের



সংগৃহীত ছবি

আন্তর্জাতিক সম্প্রদায়ের যুদ্ধবিরতির প্রচেষ্টা চললেও আগামী কয়েক মাসের মধ্যে গাজায় আবারও পূর্ণমাত্রার সামরিক অভিযান শুরু করার প্রস্তুতি নিচ্ছে ইসরাইল।

দেশটির সম্প্রচারমাধ্যম চ্যানেল ১২ এ তথ্য জানিয়েছে।

প্রতিবেদনে বলা হয়, আগামী অক্টোবরের অভ্যন্তরীণ নির্বাচনের আগেই গাজায় নতুন করে বড় ধরনের সংঘাত শুরু হতে পারে বলে ধারণা করছেন ইসরাইলের শীর্ষ কর্মকর্তারা। তাদের আশা, মার্কিন নেতৃত্বাধীন ‘বোর্ড অব পিস’ আগামী দুই থেকে তিন মাসের মধ্যে হামাসকে যুদ্ধবিরতি চুক্তি লঙ্ঘনের জন্য দায়ী ঘোষণা করবে।

ইসরাইলের দাবি, হামাস অস্ত্র সমর্পণে অস্বীকৃতি জানিয়ে চুক্তির শর্ত ভঙ্গ করেছে। অন্যদিকে হামাস বলছে, ইসরাইল যুদ্ধবিরতির প্রথম ধাপের সব শর্ত বাস্তবায়ন না করা পর্যন্ত অস্ত্র সমর্পণ নিয়ে কোনো আলোচনায় তারা অংশ নেবে না।

প্রতিবেদন অনুযায়ী, বোর্ড হামাসকে চুক্তিভঙ্গকারী ঘোষণা করলে গাজার ইসরাইলের নিয়ন্ত্রণের বাইরে থাকা এলাকাগুলোতে নতুন করে বড় ধরনের সামরিক অভিযান চালানোর পথ সহজ হতে পারে।

সূত্র: মিডল ইস্ট আই